NYC Public Schools
Chancellor Kamar H. Samuels

10 সেপ্টেম্বর, 2026

প্রিয় পরিবারবর্গ:

শুভ প্রত্যাবর্তন! আমি 2026-27 শিক্ষা বছরটি একসাথে শুরু করার জন্য উদ্দীপ্ত হয়ে আছি।

স্কুলের প্রথম দিনটি আমার সবচেয়ে প্রিয় দিনগুলোর একটি; এটি বহু সম্ভাবনা এবং নতুন সূচনা নিয়ে আসে। আপনার সন্তান একজন কিন্ডারগার্টেনের শিক্ষার্থী হিসেবে গর্বের সাথে তাদের ছোট্ট পিঠে বড় ব্যাকপ্যাকটি নিয়ে প্রথমবারের মতো ক্লাসে যাচ্ছে, কী একজন মিডল স্কুলের শিক্ষার্থী হিসেবে তার নতুন লকারের কম্বিনেশন চেষ্টা করছে, কিংবা একজন হাই স্কুলের সিনিয়র হিসেবে বন্ধুদের সাথে শেষবারের মত প্রথম দিনে ছবি তুলছে, যেটাই হোক না কেন, আমি আশা করি আপনার পরিবারও সেই একই সম্ভাবনা ও প্রত্যাশার অনুভূতি অনুভব করবে।

বিগত বছরগুলোতে আমি শিক্ষক ও বাবা হিসেবে বহু প্রথম দিন উপভোগ করেছি। প্রতিটি ভূমিকায়, আমি দেখেছি আমাদের পরিবারেরা প্রতিদিন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর উপর কতটা আস্থা রাখে। আমরা সকলেই আমাদের ছেলেমেয়েদের জন্য একই আশা করি: তারা স্বাগত ও সহায়তাপ্রাপ্ত অনুভূত হয়ে, এবং শেখার জন্য প্রস্তুত হয়ে স্কুলে প্রবেশ করবে। চ্যান্সেলর হিসেবে আমার প্রথম "প্রথম দিনে" আমার প্রতিশ্রুতি হলো প্রতিটি স্কুলে প্রতিটি শিক্ষার্থীর জন্য সেই অভিজ্ঞতা বাস্তবে পরিণত করা।

এই ভূমিকা গ্রহণের পর থেকে, পাঁচ বরো জুড়ে শত শত শিক্ষার্থী, পরিবার, শিক্ষাবিদ, এবং কমিউনিটি সদস্যদের কাছ থেকে শোনার সৌভাগ্য হয়েছে। আপনাদের সবার সাথে আলোচনা আসন্ন বছরের জন্য আমার অগ্রাধিকারগুলোর রূপ দিয়েছে: নিরাপদ, শিক্ষায়তনিকভাবে কঠোর, এবং প্রকৃতপক্ষেই সমন্বিত স্কুলসমূহ গড়ে তোলা। অন্য কথায়, আমরা নিশ্চিত করতে চাই যে প্রতিটি শিক্ষার্থী একাত্মতা অনুভব করবে এবং একটি সমৃদ্ধ, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল শেখার পরিবেশে তাদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছুতে তাদের যে সহায়তা প্রয়োজন তা পেয়েছে।

আমরা যখন নতুন শিক্ষা বছর শুরু করছি, অনুগ্রহ করে জেনে রাখবেন যে আপনার প্রশ্নের উত্তর দিতে এবং প্রয়োজন অনুযায়ী সহায়তা দিতে আমরা পাশেই আছি। আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর, প্রিন্সিপাল, শিক্ষক, এবং স্কুলের স্টাফ প্রতিটি ধাপেই আপনাকে সহায়তা দিতে পাশে আছেন। আমাদের স্কুলগুলো সকল শিক্ষার্থীকে স্বাগত জানাচ্ছে, এবং আমরা প্রতিটি পরিবারকে জানাতে চাই যে তারা এখানে স্বাগত।

আমি আপনার ও আপনার পরিবারের জন্য শেখার ও বেড়ে ওঠার একটি চমৎকার বছর কামনা করছি। আমি আপনাদের সকলের সাথে সম্পৃক্ত হওয়া অব্যাহত রাখতে উদগ্রীব হয়ে আছি, এবং এই শিক্ষা বছরে আমরা একসাথে যা কিছু অর্জন করবো সেগুলোর প্রত্যাশায় আছি।

অংশীদারিত্বে,

কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels)
চ্যান্সেলর

T-40373 (Bangla)